[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রেফারি খেলা পরিচালনা দেখে স্বপ্ন ছিলো ফিফার রেফারি হবো। সপ্নকে বুকে ধারন করে ফুটবল ফেডারেশন রেফারির প্রশিক্ষণ গ্রহন করি।

তিনি বলেন, জাতীয় স্কুল ফুটবললীগ, জেলা প্রথম বিভাগ সহ দেশের বিভিন্ন জেলায় ফুটবল খেলায় রেফারির দায়িত্ব পালন করেছি। এখন ফুটবল ফেডারেশনের রেফারি হয়ে জীবনের সপ্নকে বাস্তবায়ন করতে চাই। বাফুফে কর্তৃপক্ষ নিশ্চই তার সপ্নের পথে পৌছাতে সার্বিক সহযোগিতা করবে বলে প্রত্যাশা করেন তিনি।

তিনি আরো বলেন, বর্তমান সমাজে মাদক ও মোবাইল ফোনে উঠতি বয়সের যুবকদের বিপদগামী করে তুলছে। যুবকদের খেলাধুলার মাধ্যমে মাদক থেকে ফিরিয়ে আনা সম্ভব।

তিনি আরো বলেন, বাংলাদেশের জনপ্রিয় খেলা ফুটবল অনেকেই খেলে। কিন্তু কেউই ঠিক নিয়ম জানেনা। সকলেই মনগড়া নিয়ম তৈরি করে খেলা পরিচালনা করেন। ফুটবল খেলায় ফিফার যে বিধি বিধান আছে সেই গুলো সকলের মাঝে তুলে ধরে ফুটবলের উন্নতি করা ও ফুটবলের ঠিক নিয়ম এর মাধ্যমে জাতীয় পর্যায়ে খেলোয়াড় তৈরি করা।

স্থানীয় ফুটবল খেলোয়াররা জানান, মো: আব্বাস আলী শুধু বাফুফের সদস্যই না সে যেন ফিফার রেফারি হতে পারে এজন্য সরকার ও বাফুফের দৃষ্টি কামনা করেন। তারা বলেন, রেফারি মো: আব্বাস আলী জেলার গর্ব তাকে নিয়ে গর্ববোধ করি। সে বাফুফের রেফারি হয়ে দেশের তথা এ অঞ্চলের মুখ উজ্জ্বল করবে এটাই প্রত্যাশা তাদের।

সাবেক ফুটবলার যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি সদস্য আব্দুস সালাম মূর্শেদী এমপি বলেন, দেশে দক্ষ রেফারির প্রচুর চাহিদা রয়েছে একারনে করোনার মধ্যেও প্রশিক্ষণ কোর্স চলমান ছিলো। দেশের অনেকেই ফিফার রেফারি হিসেবে দায়িত্ব পালন করেছে। আমরা রেফারিদের বিদেশে পাঠাতে পারলে অভিজ্ঞাতা বাড়বে। এ বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে।

গাংনী বাজারে আবারো হার্ডওয়ারের দোকানে দুই লক্ষাধিক টাকা চুরি

গাংনী বাজারের সাইদ হার্ডওয়ারের টিন কেটে আড়াই লাখ টাকা চুরির ঘটনা ঘটেছে। শনিবার দিনগত রাতের কোনো একসময় টাকা চুরির ঘটনা ঘটে।

এঘটনায় গাংনী থানা পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য হাবিবুর রহমান নামের একজনকে আটক করেছে।

সাইদ হার্ডওয়ারের মালিক আবু সাইদ জানান, শনিবার সারাদিন ব্যাবসা শেষে ২ লাখ ৫০ হাজার টাকা ড্রয়ারে রেখে বাহিরের সমস্ত তালা লঅগিয়ে বাড়ি যায়। প্রতিদিনের ন্যায় রবিবার সকালে দোকান খুলে দেখি ঘরের মধ্যে সূর্যের আলো প্রবেশ করছে। এবং উপরের টিন কাটা। ড্রয়ারে একটি টাকাও নেই।

সাথে সাথে পুলিশকে খবর দিলে গাংনী থানার ওসি দোকানে এসে সিসি টিভি ফুটেজ নিয়ে চোর সনাক্তের চেষ্টা করছেন। সিসি টিভি ফুটেজ দেখে এঘটনায় সন্দেহ ভাজন গাংনী মহিলা কলেজপাড়ার সিরাজুল ইসলামের ছেলে হাবিবুর রহমান নামের একজন থানায় নিয়ে যাওয়া হয়েছে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, সিসি টিভিতে সংরক্ষিত ভিডিও ফুটেজ নিয়ে যাচাই বাছাই চলছে। সকল বিষয় তদন্ত করে ব্যাবস্থা নেয়া হবে।

স্বাধীনতা বিরোধীরাই আল-জাজিরার প্রতিবেদনের সাথে জড়িত

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন বলেছেন, বাংলাদেশ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। করোনা

মোকাবেলায় বিশে^র মধ্যে অন্যতম। বিশে^র প্রবৃদ্ধি অর্জনকারী ৫টি দেশের মধ্যে একটি। এমন অবস্থায় যারা দেশের ভালো চাই না, যারা স্বাধীনতা বিরোধী, তারাই আল-জাজিরার এই মিথ্যা প্রতিবেদনের সাথে জড়িত।

রবিবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার গৌরিনগর খাল খনন কাজ পরিদর্শনকালে সাংবাদিকদের এক প্রশ্নের তিনি এসকল কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে বাংলাদেশ যে গতিতে উন্নয়নের দিকে যাচ্ছে সেটিকে বাধাগ্রস্থ করার জন্য বিশে^র কাছে বাংলাদেশের ইমেজ নষ্ট করার জন্য ষড়যন্ত্র করে মিথ্যা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

তিনি আরও বলেন, স্বাধীনতা বিরোধীরা ব্যর্থ চেষ্টা করছে দেশকে পিছিয়ে দেওয়ার জন্য। আমাদের বিরুদ্ধে বিভিন্ন সময় বিভিন্ন ষড়যন্ত্র হয়েছে, ১৯৭১ সালেও ষড়যন্ত্র হয়েছে, এখনো হচ্ছে। বাংলাদেশের মানুষ জানে কারা এই ষড়যন্ত্র করছে। জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালি করে এইসব ষড়যন্ত্র মোকাবেলা করে আমাদের এগিয়ে যেতে হবে।

গৌরিনগর খাল প্রসঙ্গে তিনি বলেন, বন্যার সময় এই এলাকা জলাবদ্ধ হয়ে যেতো। বিশাল এই এলাকায় আবাদী জমির পরিমানও অনেক। দীর্ঘদিন ধরে এই এলাকার জমিতে বছরে একবার ফসল ফলানো যেতো। খালের পুন:খনন কাজ সম্পন্ন হলে এই এলাকার জমিতে সারা বছরই ফসল ফলানো যাবে। ফলে মেহেরপুরসহ সারা দেশের কৃষি উৎপাদনে বড় ভূমিকা রাখবে। পরে তিনি উপজেলার ভৈরব নদের উপর নির্মিত বাগোয়ান-রশিকপুর বিজ্রের উদ্বোধন করেন।

পৃথক এ কর্মসূচীতে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব আলী, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনসহ স্থানীয় নেতা কর্মীরা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শুক্রবার রাতে যশোরের বেনাপোল সীমান্ত থেকে তাকে আটক করা হয়। এছাড়াও কালীগঞ্জ ট্রাক টার্মিনাল থেকে ট্রাকটি জব্দ করা হয়।

আটককৃত ট্রাক চালক রনি যশোরের শার্শা উপজেলার সনাতনকাটি গ্রামের মশিয়ার রহমান গাজীর ছেলে। বারবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার রাতে বেনাপোল সামান্ত এলাকায় অভিযান চালায় তারা। এসময় ভারতে পালিয়ে যাওয়ার সময় রনি গাজীকে আটক করা হয়।

গত ১০ ফেব্রুয়ারি কালীগঞ্জ থানায় হাইওয়ে পুলিশের ওসি শেখ মেজবাহ উদ্দিন বাদি হয়ে অজ্ঞাতদের আসামী করে মামলা দায়ের করেন। সেই মামলায় তাদের গ্রেফতার দেখানো হয়।

উল্লেখ্য, গত বুধবার বিকেলে কালীগঞ্জ উপজেলার বারোবাজারে যশোর থেকে ছেড়ে আসা মাগুরাগামী জে কে পরিবহণের একটি বাস ও ট্রাকের সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই ৯ জন ও পরে আরও ৩ জন মারা যায়। ঘটনার পর থেকে পলাতক ছিল ট্রাকের চালক।

মেহেরপুরে আরফা ডায়গনস্টিক সেন্টার এর উদ্বোধন

অত্যাধুনিক মানের সেবা নিশ্চিত করতে মেহেরপুর শহরে আরফা ডায়াগনস্টিক সেন্টারের উদ্বোধন করা হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুর পৌর ঈদগাহ এর গেটের পাশে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল সড়কে আরফা ডায়াগনস্টিক সেন্টারের উদ্ভোধন করা হয়।

ম্যানেজিং ডিরেক্টর সাবি আল জুবায়ের শুভ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে মেহেরপুর বি এম এ এর সভাপতি আবু তাহের ফিতা ও কেক কেটে অনুষ্ঠানটির উদ্ভোধন করেন।

পরে সংক্ষিপ্ত বক্তব্যে আরফা ডায়াগনস্টিক সেন্টারের ম্যানেজিং ডিরেক্টর সাবি আল জুবায়ের শুভ বলেন, মেহেরপুর জেলার মানুষের জন্য

স্বাস্থ্য সেবার এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে আরফা ডায়াগনস্টিক সেন্টারকে গড়ে তোলা হবে। সত্যিকারের স্বাস্থ্য সেবার উদ্দেশ্যে আরফা ডায়াগনষ্টিক সেন্টার চালু করা হয়েছে। আবাসিক চিকিৎসকের তত্ত্বাবধানে দিন রাত ২৪ ঘণ্টা সেবা দেওয়া হবে।

এসময় তিনি আরও জানান, প্রতিটা স্বাস্থ্যকেন্দ্রের মতো বেশ পরিচ্ছন্ন ও মনোরম পরিবেশের করা হবে। চিকিৎসকদের জন্য আলাদা কক্ষ, রোগীদের জন্য ওয়েটিংরুম, ফার্মেসী, রোগীদের কক্ষ সবকিছুই পরিষ্কার-পরিচ্ছন্নসহ সকল উপকরণ রাখা হবে। বিশেষ করে নারী ও শিশুদের চিকিৎসাসহ জরুরি সেবাগুলো সহজেই এখান থেকে পাওয়া যাবে।

এসময় আরও সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সদর থানা ছাত্রলীগের সভাপতি জুলকার নাঈম বাইজিদ, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আবিদ হোসেন আসিফ প্রমুখ।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন, মেহেরপুর শিশু সংগঠন অংকুর এর সাধারণ সম্পাদক জাবির আল সাভার। পরে দোয়া মহাফিলের মধ্যদিয়ে অনুষ্ঠানটির সমাপ্তি করা হয়।

মেহেরপুর আমঝুপিতে নারী দলের অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে জনসমবায় নারী দলের নেত্রীদের সাথে নিরাপদ খাদ্য সরবরাহ, খাদ্য প্রক্রিয়াজাত ও সংগ্রহকরণ-এর উপর এক যৌথ উদ্যোগের ভুমিকা বিষয়ক নারী দলের অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০টার দিকে আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র মউকের নিজস্ব হলরুমে অনুষ্ঠিত হয়।

অভিজ্ঞতা বিনিময় সভায় প্রোগ্রাম ম্যনেজার ওয়াজেদ আলীর

সভাপতিত্বে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন মউকের প্রতিষ্ঠাতা ও নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

তিনি বলেন, করোনা ভাইরাস আমাদের সকল ক্ষেত্রে আতংক ও ঝুকি বাড়িয়ে দিয়েছে তথাপিও আমাদের থেমে থাকলে চলবেনা, সময়ের সাথে আমাদের লড়াই করেই বাঁচতে হবে।

জনসমবায় নারী দলগুলোকে অর্থনৈতিক ভাবে গতিশীল করতে তিনি প্রয়োজনীয় সকল প্রকার সহায়তা দেওয়ার আশ্বাস প্রদান করেন।

নারী নেত্রীদের মধ্যে বক্তব্য রাখেন ফাইমা খাতুন ও কাজল রেখা, এছাড়া দলনেতাদের মধ্যে থেকে অভিজ্ঞতা বর্ণনা ও মতামত প্রকাশ করেন, রমিতন খাতুন, শিল্পী খাতুন ও সপ্তমী রানী প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন মোঃ শাহিনুর হোসেন বিপ্লব।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ সমাবেশ

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ‘বীর উত্তম’ খেতাব বাতিল করার সিদ্ধান্তের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

সভাপতির বক্তব্যে বলেন, এই সরকার মুক্তিযুদ্ধের চেতনার কথা বলে মাফিয়া চক্র, কালো টাকার মালিক ও লুটেরাদের নিয়ে দেশ পরিচালনা করছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী শুভক্ষণে শহীদ জিয়াউর রহমান বীর উত্তম খেতাব বাতিলের সিদ্ধান্ত প্রমাণ করে ভোটারবিহীন সরকার অধিপত্যবাদের কাছে দেশের স্বাধীনতা সর্বভৌমত্ত বন্ধক রাখতে চায়। খেতাব বাতিলের এই সিদ্ধান্ত থেকে সরে আসতে তিনি সংশ্লিষ্টদের প্রতি উদাত্ত আহবান জানান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আনছারুল হক, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা সমাবেশে অংশগ্রহণ করেন।

বাংলাদেশ ক্ষেতমজুর কমিটির মেহেরপুর জেলা আহবায়ক কমিটি গঠন

আলোচনা সভা, কেন্দ্রীয় সার্কুলার ও গঠনতন্ত্র পাঠের মধ্যদিয়ে বাংলাদেশ ক্ষেতমজুর মেহেরপুর জেলা শাখার আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।

আজ শনিবার সকালে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় সময়িতা ট্রেডার্সে বাংলাদেশ ক্ষেতমজুর কেন্দ্রীয় কমিটির সভাপতি ডাঃ ফজলুর রহমান উপস্থিত থেকে মাহামুদুল হক কে আহবায়ক ও রফিক উদ্দিন কে যুগ্ম আহবায়ক করে সাত সদস্য বিশিষ্ট এই কমিটির অনুমোদন দেন।

কমিটিতে শহিদুল ইসলাম কানন, রফিকুল ইসলাম, মোশারফ হোসেন, শহিদুল ইসলাম কে সদস্য ও মিজানুর রহমান কে সদস্য সচিব করে এই কমিটি গঠন করা হয়।